**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৬৬/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ২৫ ফেব্রুয়ারি ২০১৯, ১৩ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ছাত্র রাজনীতিতে আদর্শভিত্তিক সংস্কৃতি গড়ে তোলার আহ্বান রাষ্ট্রপতির
২। উন্নয়নের নতুন যুগে দেশ : চট্টগ্রামে টানেল নির্মাণকাজ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৩। চকবাজারে প্রাণহানিতে আজ রাষ্ট্রীয় শোক : সংসদে শোক প্রস্তাব গৃহীত
৪। অগ্নিকাণ্ডে আহতদের দেখতে বার্ন ইউনিটে স্পিকার
৫। রাজধানীর চকবাজারে অগ্নিকাণ্ডে আহত ১১ জন পেলেন প্রধানমন্ত্রীর অনুদান
৬। কেমিক্যাল গুদামের জন্য শীঘ্রই জমি অধিগ্রহণ : ত্রাণ প্রতিমন্ত্রী
৭। গ্যাস সিলিন্ডার ব্যবহারে সবাইকে সতর্ক হতে হবে : বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী
৮। ঢাকায় প্রবাসী প্রকৌশলীদের সম্মেলন আগামীকাল : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৯। মুক্তিযুদ্ধে অবদান রাখায় ১৭শ বিদেশি নাগরিককে সম্মাননা দেওয়া হবে : সংসদে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী
২৬ মার্চের মধ্যে মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তালিকা
১০। শুধু কৃষিতেই ৬৩ হাজার ২৬৩ কোটি টাকা ভর্তুকি দেওয়া হয়েছে : সংসদে কৃষিমন্ত্রী
১১। দেশে ১২ লাখ ৬১ হাজার একর খাসজমি রয়েছে : সংসদে ভূমিমন্ত্রী
১২। ৬ হাজার ৬৯০ জন বাংলাদেশি শান্তিরক্ষা মিশনে কর্মরত : সংসদে আইনমন্ত্রী
১৩। সংসদে যোগ দিলেন সংরক্ষিত নারী আসনের এমপিরা
১৪। শস্যের জাত উদ্ভাবনে যৌথভাবে কাজ করতে চায় কানাডা
: কৃষিমন্ত্রীর সাথে কানাডিয়ান হাইকমিশনারের সাক্ষাৎ
১৫। রোহিঙ্গা সমস্যা সমাধানে আন্তর্জাতিক চাপ প্রয়োগ জরুরি : পররাষ্ট্রমন্ত্রী
১৬। জিএসপির বিষয় সংসদে তোলা হবে : রংপুরে বাণিজ্যমন্ত্রী
১৭। তাঁত বোর্ডকে দুর্নীতিমুক্ত করা হবে : বস্ত্র ও পাটমন্ত্রী
১৮। বিমান ছিনতাইয়ের চেষ্টা ব্যর্থ : শাহ আমানতে জরুরি অবতরণ, কমান্ডো অভিযানে অস্ত্রধারী যুবক নিহত
১৯। এইচএসসি পরীক্ষা শুরু আগামী ১ এপ্রিল

চলমান পাতা-২

১। **ছাত্র রাজনীতিতে আদর্শভিত্তিক সংস্কৃতি গড়ে তোলার আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, শিক্ষকদের নিয়মিত পাঠদানের পাশাপাশি শিক্ষার্থীদের মাঝে নেতৃত্বের গুণাবলি জাগিয়ে তুলতে হবে। ছাত্র রাজনীতি হবে আদর্শভিত্তিক। দল বা ব্যক্তি নির্ভরশীলতা পরিহার করে শিক্ষার্থীদের স্বতন্ত্র ও আদর্শিক রাজনীতির সংস্কৃতি গড়ে তুলতে হবে। তাহলে দেশে গড়ে উঠবে ত্যাগী, দক্ষ ও সুযোগ্য নেতৃত্ব। তাছাড়া অসামাজিক কর্মকাণ্ডসহ চাঁদাবাজি, সন্ত্রাস, মাদক ও জঙ্গি কার্যক্রমে শিক্ষার্থীরা যাতে কোনোভাবে নিজেদের সম্পৃক্ত করতে না পারে সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। এ জন্য লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রম ও মুক্তবুদ্ধি চর্চার ওপর গুরুত্ব দিতে হবে। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) তিনি নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তনে সভাপতির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইনকিলাব** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

২। **উন্নয়নের নতুন যুগে দেশ : চট্টগ্রামে টানেল নির্মাণকাজ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

চট্টগ্রামে কর্ণফুলী নদীর তলদেশে দেশের প্রথম টানেলের নির্মাণকাজের উদ্বোধন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এর মাধ্যমে দেশ উন্নয়নের নতুন যুগে প্রবেশ করেছে। দেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে আরও। তিনি দেশকে এমনভাবে গড়ে তুলবেন যে সারাবিশ্ব অবাক বিস্ময়ে তাকিয়ে দেখবে। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) চট্টগ্রামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল এর বোরিং কার্যক্রম এবং শহরের লালখান বাজার থেকে শাহ আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণকাজের উদ্বোধনশেষে সুধী সমাবেশে তিনি এসব কথা বলেন। পতেঙ্গার রিং রোডে এ সমাবেশ হয়। ২০২২ সালে টানেল নির্মাণ শেষ হবে বলে জানান প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৩। **চকবাজারে প্রাণহানিতে আজ রাষ্ট্রীয় শোক : সংসদে শোক প্রস্তাব গৃহীত**

চকবাজারের চুড়িহাট্টায় ভয়াবহ অগ্নিকাণ্ডে মৃতদের আত্মার শান্তি কামনা এবং তাদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা প্রকাশের জন্য আজ (২৫ ফেব্রুয়ারি সোমবার) এক দিনের রাষ্ট্রীয় শোক পালন করবে জাতি। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) মন্ত্রিপরিষদ বিভাগের এক প্রজ্ঞাপনে এ কথা জানানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রীয় শোকদিবস পালন উপলক্ষে দেশের সব সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান ভবন ও বিদেশে বাংলাদেশের মিশনগুলোতে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। এদিকে চকবাজারে মর্মান্তিক অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় জাতীয় সংসদে সর্বসম্মতভাবে শোক প্রস্তাব গ্রহণ করা হয়েছে। গতকাল সংসদে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী শোক প্রস্তাব উত্থাপন করলে সংসদ তা সর্বসম্মতক্রমে গ্রহণ করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৪। **অগ্নিকাণ্ডে আহতদের দেখতে বার্ন ইউনিটে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী রাজধানীর চকবাজারের চুড়িহাট্টায় অগ্নিকাণ্ডে আহতদের দেখতে গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) ঢাকা মেডিকেল কলেজের বার্ন ইউনিট পরিদর্শন করেন। এ সময় চিকিৎসক, রোগী ও রোগীর আত্মীয়-স্বজনের সঙ্গে কথা বলেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন তিনি। পরিদর্শনশেষে স্পিকার বলেন, হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের চিকিৎসায় সর্বোচ্চ চেষ্টা করছেন চিকিৎসকরা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আহতদের চিকিৎসার সার্বক্ষণিক খোঁজ রাখছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৫), **সংবাদ** (শে পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৫। **রাজধানীর চকবাজারে অগ্নিকাণ্ডে আহত ১১ জন পেলেন প্রধানমন্ত্রীর অনুদান**

রাজধানীর চকবাজারে অগ্নিকাণ্ডে আহত হয়ে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন **১১** জনকে প্রধানমন্ত্রীর দেওয়া অনুদানের অর্থ হস্তান্তর করা হয়েছে। অনুদান হিসেবে প্রত্যেক রোগীর পরিবারকে ৫০ হাজার টাকা করে দেওয়া হয়। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর চকবাজারে অগ্নিকাণ্ডে হাসপাতালের বার্ন ইউনিট মিলনায়তনে আহত রোগী ও তাদের স্বজনের কাছে অনুদানের এ অর্থ তুলে দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **ইনকিলাব** (পৃ.৩,ক.২), **মানব জমিন** (পৃ.৮,ক.১)।

**৬। কেমিক্যাল গুদামের জন্য শীঘ্রই জমি অধিগ্রহণ : ত্রাণ প্রতিমন্ত্রী**

রাজধানীতে থাকা কেমিক্যাল গুদামগুলো শীঘ্রই সরানো হবে কেরানীগঞ্জে। এ জন্য তিন মাসের মধ্যে কেরানীগঞ্জে ৫২ একর জমি অধিগ্রহণ করা হবে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান। চকবাজারে অগ্নিকাণ্ডের ঘটনায় গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে আন্তঃমন্ত্রণালয়ের বৈঠকশেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫)।

**৭। গ্যাস সিলিন্ডার ব্যবহারে সবাইকে সতর্ক হতে হবে : বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী**

বোতলজাত গ্যাস সিলিন্ডার এলপিজি ও সিএনজি থেকে অগ্নিকাণ্ডের ঘটনা কমাতে সরকারি মাননিয়ন্ত্রক সংস্থার পাশাপাশি গ্রাহকদেরও সতর্ক হতে হবে। সরকার মান নিশ্চিতের ব্যাপারে কঠোর হয়েছে। গ্রাহকদেরকেও মানসম্পন্ন পণ্য ব্যবহারে আপসহীন হতে হবে। সব পক্ষের প্রচেষ্টায় নিরাপদ জ্বালানির ব্যবহার নিশ্চিত করা যাবে। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর শুক্রাবাদে এক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানশেষে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৮। ঢাকায় প্রবাসী প্রকৌশলীদের সম্মেলন আগামীকাল : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

উন্নত দেশে কর্মরত প্রবাসী প্রকৌশলীদের অভিজ্ঞতা দেশের উন্নয়নে কাজে লাগাতে ঢাকায় দু'দিনের প্রকৌশল সম্মেলন করছে সরকার। আগামীকাল ২৬ ফেব্রুয়ারি মঙ্গলবার রাজধানীর সোনারগাঁও হোটেলে কনভেনশন অভ্ এনআরবি ইঞ্জিনিয়ার্স শীর্ষক এ সম্মেলন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে এক সংবাদসম্মেলনে এ আয়োজনের বিস্তারিত তথ্য তুলে ধরেন ইআরডি সচিব মনোয়ার আহমেদ। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪)।

**৯। মুক্তিযুদ্ধে অবদান রাখায় ১৭শ বিদেশি নাগরিককে সম্মাননা দেওয়া হবে : সংসদে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**
**২৬ মার্চের মধ্যে মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তালিকা**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, একাত্তরের মুক্তিযুদ্ধে যে সকল বিদেশি নাগরিক অবদান রেখেছিলেন তাঁদের স্বীকৃতিসহ সম্মাননা দিচ্ছে বাংলাদেশ সরকার। এ পর্যন্ত ৩২৯ জন বিদেশি নাগরিক এবং ১০টি প্রতিষ্ঠানকে মুক্তিযুদ্ধ সম্মাননা ও মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননা প্রদান করা হয়েছে। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে তিনি এ কথা বলেন। অপর এক প্রশ্নের জবাবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী জানান, বীর মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়নের লক্ষ্যে যাচাই-বাছাই করে তালিকা প্রণয়ন করা হয়েছে। আগামী ২৬ মার্চের মধ্যে মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ একটি তালিকা প্রকাশের চেষ্টা চলছে। দ্রুতই তা প্রকাশ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **নিউ এজ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**১০। শুধু কৃষিতেই ৬৩ হাজার ২৬৩ কোটি টাকা ভর্তুকি দেওয়া হয়েছে : সংসদে কৃষিমন্ত্রী**

গত ১০ বছরে বর্তমান সরকার ৬৩ হাজার ২৬৩ কোটি ৪৩ লাখ টাকা কৃষি ভর্তুকি প্রদান করেছে। আওয়ামী লীগের নেতৃত্বাধীন সরকার ২০০৯ সালে ক্ষমতা গ্রহণের পর সারের মূল্য কমিয়ে ভর্তুকির পরিমাণ বৃদ্ধি করেছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.২), **ইনকিলাব** (পৃ.৩,ক.৪)।

**১১। দেশে ১২ লাখ ৬১ হাজার একর খাসজমি রয়েছে : সংসদে ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, দেশের মোট ১৩টি সেটেলমেন্ট জোনে ১২ লাখ ৬১ হাজার ৭৪০ দশমিক ৯০৪ একর খাস জমি রয়েছে। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে ভূমিমন্ত্রী এসব তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫) **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**১২। ৬ হাজার ৬৯০ জন বাংলাদেশি শান্তিরক্ষা মিশনে কর্মরত : সংসদে আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক সংসদকে জানিয়েছেন, জাতিসংঘের শান্তিরক্ষা বাহিনীতে বাংলাদেশের সশস্ত্র বাহিনীর ৪ হাজার ৯০৮ জন সৈনিক কর্মরত রয়েছেন। এরমধ্যে সেনাবাহিনীর ৪ হাজার ৪২৮, নৌবাহিনীর ২২৪ ও বিমানবাহিনীর ২৫৬ জন রয়েছেন। সকল পর্যায়ের কর্মকর্তা ও অন্যান্য সদস্যসহ বর্তমানে ৬ হাজার ৬৯০ জন সদস্য বিভিন্ন মিশনে নিয়োজিত আছেন। এ হিসাব গত বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) সংসদে প্রশ্নোত্তরপর্বে মন্ত্রী এ তথ্য দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**১৩। সংসদে যোগ দিলেন সংরক্ষিত নারী আসনের এমপিরা**

একাদশ সংসদে সংরক্ষিত নারী আসনে নির্বাচিত সংসদ সদস্যরা সংসদ অধিবেশনে যোগ দিয়েছেন। গত ২০ ফেব্রুয়ারি শপথ গ্রহণের পর গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) ৪৯ জন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যরা অধিবেশনে যোগ দেন। চারদিন বিরতির পর স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদ অধিবেশনে সংরক্ষিত আসনে নবনির্বাচিত এমপিরা নিজ নিজ আসন গ্রহণ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১)।

**১৪। শস্যের জাত উদ্ভাবনে যৌথভাবে কাজ করতে চায় কানাডা**
**: কৃষিমন্ত্রীর সাথে কানাডিয়ান হাইকমিশনারের সাক্ষাৎ**

কৃষি গবেষণায় জার্মপ্লাজম, শস্যের বৈচিত্র্যায়ন ও শস্যের নতুন নতুন জাত উদ্ভাবনে যৌথভাবে কাজ করবে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত কানাডার হাইকমিশনার বেনোইত প্রিফন্টেইন। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে কৃষিমন্ত্রী ড. মো. আবদুর রাজ্জাকের সঙ্গে সাক্ষাৎকালে বাংলাদেশে নিযুক্ত কানাডিয়ান হাইকমিশনার এসব কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, কৃষিতে বাংলাদেশের সাফল্য ঈর্ষণীয়। একইসঙ্গে কৃষির উপখাতেও ভালো অগ্রগতি হয়েছে। দেশের পোল্ট্রি শিল্প এখন ঘুরে দাঁড়িয়েছে। ফসল, সবজি ফলসহ পোল্ট্রি ও ডেইরি ফার্মেও উৎপাদন ভালো। এ সময় উপস্থিত কানাডিয়ান কমার্শিয়াল করপোরেশনের ভাইস প্রেসিডেন্ট চার্লস পল মারক বলেন, তারা নবায়ণযোগ্য জ্বালানি এবং জলবায়ুজনিত সমস্যা মোকাবিলায় বিনিয়োগ করতে চান। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১৫। রোহিঙ্গা সমস্যা সমাধানে আন্তর্জাতিক চাপ প্রয়োগ জরুরি : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, রোহিঙ্গা সংকট খুবই জটিল। একতরফাভাবে এর সমাধান সম্ভব নয়। এ সমস্যার সমাধানে আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রচেষ্টা চালাতে হবে। দ্বিপাক্ষিক আলোচনার পাশাপাশি আন্তর্জাতিক চাপ প্রয়োগ করতে হবে। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনে (বিএফডিসি) ডিবেট ফর ডেমোক্রেসি ও এটিএন বাংলা আয়োজিত ইউসিবি পাবলিক পার্লামেন্টে বিতর্ক প্রতিযোগিতার গ্র্যান্ডফাইনালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.৭)।

**১৬। জিএসপির বিষয় সংসদে তোলা হবে : রংপুরে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, বাংলাদেশি পণ্যের জন্য শুল্কমুক্ত বাজার সুবিধা (জিএসপি) ফিরিয়ে আনতে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের সঙ্গে কথা হয়েছে। এ নিয়ে দেশটির ১৬টি সুপারিশ রয়েছে। এসব বাস্তবায়নের জন্য বিষয়টি সংসদে তোলা হবে। বিষয়গুলো পাস করা হলে এ নিয়ে আবারও কথা বলা হবে। তাদের ১৬টি সুপারিশই পূরণের চেষ্টা করা হবে। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) রংপুর জেলা প্রশাসক কার্যালয়ে ভূমি সংস্কার বোর্ডের আয়োজনে ই-নামজারি ব্যবস্থাপনা বিষয়ে চার দিনব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানশেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫)।

**১৭। তাঁত বোর্ডকে দুর্নীতিমুক্ত করা হবে : বস্ত্র ও পাটমন্ত্রী**

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী বলেছেন, তাঁত বোর্ডকে দুর্নীতিমুক্ত করা হবে। দুর্নীতিমুক্ত করা গেলে সাধারণ তাঁতিরা উপকৃত হবে। তাঁত বোর্ডকে শক্তিশালী করতে প্রশিক্ষণের ব্যবস্থা, ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট স্থাপন, ঐতিহ্যবাহী মসলিন বস্ত্রের সুতা তৈরির প্রযুক্তি পুনরুদ্ধারসহ প্রান্তিক তাঁতিদের ঋণের ব্যবস্থা করা হবে। গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর কারওয়ানবাজারে তাঁত বোর্ড কার্যালয়ে আয়োজিত এক আলোচনাসভায় এসব বলেন মন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮)।

**১৮। বিমান ছিনতাইয়ের চেষ্টা ব্যর্থ : শাহ আমানতে জরুরি অবতরণ, কমান্ডো অভিযানে অস্ত্রধারী যুবক নিহত**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে চট্টগ্রামের উদ্দেশে ছেড়ে যাওয়া বাংলাদেশ বিমানের একটি ফ্লাইট ছিনতাইয়ের কবল থেকে রক্ষা পেয়েছে। একজন অস্ত্রধারী বিমানের ক্রু ও যাত্রীদের জিম্মি করে বিমানটি অন্যদিকে নিয়ে যেতে চেয়েছিল। পরবর্তীতে পাইলট বিমানটি চট্টগ্রামের হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরি অবতরণ করান। সেনা, নৌ ও বিমান বাহিনীর কমান্ডোরা অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের সঙ্গে নিয়ে বিমানে অভিযান চালায়। সেখান থেকে অস্ত্রধারী ঐ যুবককে গুলিবিদ্ধ অবস্থায় বের করে আনেন তারা। যুবকের নাম মাহাদী বলে জানা যায়। ঢাকার শাহজালাল বিমানবন্দরের নিরাপত্তার বেড়াজাল ডিঙিয়ে অস্ত্র নিয়ে গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) বিমানের দুবাইগামী ফ্লাইটে উঠে পড়েন ঐ ব্যক্তি। বিমানের বোয়িং ৭৩৭ মডেলের 'ময়ূরপঙ্খী' নামের ঐ উড়োজাহাজটিতে ১৪৩ জন যাত্রী এবং ৫ জন ক্রু ছিলেন। সূত্র- ইত্তেফাক (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

**১৯। এইচএসসি পরীক্ষা শুরু আগামী ১ এপ্রিল**

এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে আগামী **১** এপ্রিল। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি গতকাল (২৪ ফেব্রুয়ারি রোববার) পরীক্ষার সময়সূচি প্রকাশ করেছে। সূচি অনুযায়ী, আগামী **১** এপ্রিল থেকে **১১** মে পর্যন্ত তত্ত্বীয় পরীক্ষা হবে। **১২** থেকে **২১** মের মধ্যে ব্যবহারিক পরীক্ষা শেষ করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** সড়কের ওপর একটি নারিকেল গাছ উপড়ে পড়ে একজন নারী নিহত হওয়ার ঘটনার কথা উল্লেখ করে এ ধরনের ঘটনার পুররাবৃত্তিরোধে সড়কের পাশে ঝুঁকিপূর্ণ গাছগুলি অপসারণের ওপর গুরুত্বারোপ।

**খ.** **ইনকিলাব :** মেয়াদ উত্তীর্ণ সিলিন্ডার গাড়িতে ব্যবহার করায় প্রতিটি সিলিন্ডার মৃত্যুফাঁদে পরিণত হয়েছে বিশেষজ্ঞদের এ মতামত আমলে নিয়ে বাসা-বাড়ি, গাড়ি সবক্ষেত্রে নিরাপদ গ্যাস সিলিন্ডার ব্যবহারের আহ্বান।

**গ.** **যায়যায়দিন, বণিক বার্তা, যুগান্তর, সংবাদ, নিউ এজ :** দৃষ্টিজনিত সমস্যায় ভুগছেন গণপরিবহণের ৭০ দশমিক ৪ শতাংশ চালক এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এর পরিপ্রেক্ষিতে চক্ষু চিকিৎসার বিষয়টি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর :** নদী দখলদার উচ্ছেদে এখন থেকে সংশ্লিষ্ট সংস্থাগুলোর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে নৌপরিবহণ মন্ত্রণালয় উল্লেখ করে একইসঙ্গে অবৈধ দখলদারদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঙ.** **জনকণ্ঠ** : ঢাকায় আরও ২০০টি নারীবান্ধব টয়লেট নির্মাণের উদ্যোগ নেওয়ায় সন্তোষ প্রকাশ করে অবিলম্বে তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **অবজারভার, ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশ ক্যান্সার সোসাইটি, ঢাকা বিশ্ববিদ্যালয়, আমেরিকান ক্যান্সার সোসাইটি ও ক্যান্সার রিসার্চ ইউকে'র যৌথ ভাবে পরিচালিত এক গবেষণায় বাংলাদেশে ধূমপানজনিত অসুস্থতা, মৃত্যু, আর্থিক ক্ষতির যে ভয়াবহ চিত্র ফুটে উঠেছে তাতে উদ্বেগ প্রকাশ করে ধূমপান প্রতিরোধে সচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** সম্প্রতি রংপুরে র‌্যাব কর্তৃক ৪২ টন পলিথিন ব্যাগ জব্দ এবং এক পলিথিন ব্যাগ ব্যবসায়ীকে গ্রেফতার করার ঘটনার কথা উল্লেখ করে সম্পূর্ণভাবে পলিথিন ব্যাগ উৎপাদন ও বিপণন বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের অর্থনীতির চাকা আরও গতিশীল করতে ব্যাংকগুলোর ব্যবস্থাপনার দিকে আরও গভীর মনোনিবেশ অত্যন্ত জরুরি।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'মাদকের আগ্রাসন রুখতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, মাদকের সহজলভ্যতা তরুণ সমাজকে বিপথগামী করায় মাদক সরবরাহ বন্ধে আইনশৃঙ্খলা বাহিনীকে আরো কঠোর হতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা